# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৬৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৭. চতুর্থ রাকাতে পাছার উপর বসা সম্পর্কে।

## باب مَنْ ذَكَرَ التَّوَرُّكَ فِي الرَّابِعَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ الضَّحَّاكُ بْنُ مَخْلَدٍ، أَخْبَرَنَا عَبْدُ الْحَمِيدِ يَعْنِي ابْنَ جَعْفَرٍ، ح وَحَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ، ـ يَعْنِي ابْنَ جَعْفَرٍ ـ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَمْرٍو، عَنْ أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ، قَالَ سَمِعْتُهُ فِي، عَشْرَةٍ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم ـ وَقَالَ أَحْمَدُ قَالَ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ عَمْرِو بْنِ عَطَاءٍ قَالَ سَمِعْتُ أَبَا حُمَيْدٍ السَّاعِدِيَّ فِي عَشْرَةٍ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنْهُمْ أَبُو قَتَادَةَ ـ قَالَ أَبُو حُمَيْدٍ أَنَا أَعْلَمُكُمْ بِصَلاَةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . قَالُوا فَاعْرِضْ . فَذَكَرَ الْحَدِيثَ . قَالَ وَيَفْتَحُ أَصَابِعَ رِجْلَيْهِ إِذَا سَجَدَ ثُمَّ يَقُولُ اللَّهُ أَكْبَرُ وَيَرْفَعُ وَيَثْنِي رِجْلَهُ الْيُسْرَى فَيَقْعُدُ عَلَيْهَا ثُمَّ يَصْنَعُ فِي الأُخْرَى مِثْلَ ذَلِكَ فَذَكَرَ الْحَدِيثَ . قَالَ حَتَّى إِذَا كَانَتِ السَّجْدَةُ الَّتِي فِيهَا التَّسْلِيمُ أَخَّرَ رِجْلَهُ الْيُسْرَى وَقَعَدَ مُتَوَرِّكًا عَلَى شِقِّهِ الأَيْسَرِ . زَادَ أَحْمَدُ قَالُوا صَدَقْتَ هَكَذَا كَانَ يُصَلِّي وَلَمْ يَذْكُرَا فِي حَدِيثِهِمَا الْجُلُوسَ فِي الثِّنْتَيْنِ كَيْفَ جَلَسَ

বাংলা

৯৬৩. আহমদ হাম্বল (রহঃ) ..... আবু হুমাইদ আস-সাইদী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি হাদিসটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দশজন সাহাবীর নিকট হতে শ্রবণ করেছি। রাবী আহমদে ইবনে হাম্বল (রহঃ) বলেন, আমার আব্দুল হামীদ মুহাম্মাদ ইবনে আমর ইবনে আতা হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, আবু হুমাইদ সাঈদী (রাঃ)-কে দশজন সাহাবীর উপস্থিতে এরূপ বলতে শুনেছি, যাদের মধ্যে আবু কাতাদা (রাঃ)ও উপস্থিত ছিলেন।

আবু হুমাইদ (রাঃ) বলেন, আমি তোমাদের মধ্যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নামায সম্পর্কে

অধিক অভিজ্ঞ। তখন তাঁরা বলেন, তবে আপনি বর্ণনা করুন। তখন তিনি এই হাদিসটি বর্ণনা প্রসংগে বলেন, তিনি সিজদার সময় দুই পায়ের আঙ্গুলগুলো কিবলামুখী করে রাখতেন, অতঃপর 'আল্লাহু আকবার' সিজদা হতে মাথা উঠাতেন। এই সময় তিনি বাম পা বিছিয়ে দিয়ে তার উপর বসতেন। তিনি দ্বিতীয় রাকাতও অনুরূপ ভাবে আদায় করতেন।

অতঃপর হাদিসের বাকী অংশ বর্ণনা প্রসংগে তিনি আরও বলেন, যখন তিনি সর্বশেষ রাকাতের জন্য সিজদা করতেন, তখন তিনি তাঁর বাম পা একটু দূরে স্থাপন করে পাছার উপর বসতেন। ইমাম আহমদ তাঁর বর্ণনায় আরও বলেন, অতঃপর উপস্থিত সকলে তাঁর কথার সত্যতা স্বীকার করে বলেন, আপনি ঠিক বলেছেন। তিনি এভাবেই নামায আদায় করতেন।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, উপরোক্ত দুইজন রাবীর বর্ণনায় তিনি দ্বিতীয় রাকাতে কিরূপ বসতেন তাঁর কোন উল্লেখ নেই। (বুখারী, তিরমিযী, নাসাঈ, ইবনে মাজাহ)।

## English

Abu Humaid al-sa'idi said (in the presence of ten compansions of the prophet):
I am more informed than any of you regarding the manner in which the Messenger of Allah (ﷺ) offered his prayer. They said: Present it. The narrator then reported the tradition, saying: he bent the toes of his feet turning them towards the Qiblah when he prostrated, then he uttered " Allah is most great," and raised (his head), and bent his left foot and sat on it, and he did the same in the second Rakah. The narrator then transmitted the tradition, and added: In the prostration (i.e., the Rakah) which ended at the salutation, he sat on the hips at the left side. ahmad (b. Hanbal) added: they said : You are right. This is how he used to pray. They (Ahmed and Musaddad) did not mention in their versions how he sat after offering two rak'ahs of prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুমায়দ সা'ঈদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23267

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন